

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ জানাযার সালাতে সূরা ফাতিহা পড়া মুস্তাহাব

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَقْرَأَ بِفَاتِحَةِ الْكِتَابِ عِنْدَ الصَّلَاةِ عَلَى الْجَنَائِزِ

আরবী

3061 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ الْبَلْخِيُّ قَالَ: حَدَّثَنَا مَنْصُورُ بْنُ أَبِي مُزَاحِمٍ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ أَبِيهِ عَنْ طَلْحَةَ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: شَهِدْتُ ابْنَ عَبَّاسٍ صَلَّى عَلَى جَنَازَةٍ فَقَرَأَ بِفَاتِحَةِ الْكِتَابِ فَلَمَّا انْصَرَفَ قُلْتُ لَهُ: أَتَقْرَأُ بِفَاتِحَةِ الْكِتَابِ؟ قَالَ: نَعَمْ يَا ابْنَ أَخِي سُنَّةٌ وَحَقٌّ.

الراوي : طَلْحَةُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَوْفٍ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3061 | خلاصة حكم المحدث: صحيح - ((الأحكام)) (151): خ.

বাংলা

৩০৬১. তালহা বিন আব্দুল্লাহ বিন আওফ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা পিছনে জানাযার সালাত আদায় করেছি। তিনি তাতে সূরা ফাতিহা আমাদেরকে শুনিয়ে জোরে পাঠ করেছেন। অতঃপর সালাত শেষ হলে আমি তাঁর হাত ধরে তাকে এই ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি জবাবে বলেন, “এটা সুন্নাত ও হক।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৩১৯৮; নাসাঈ: ৪/৭৪-৭৫; ইবনুল জারুদ: ৫৩৭; সুনান বাইহাকী: ৪/৩৮; বাগাবী: ১৪৯৪; আত তায়ালিসী: ২৭৪১; সহীহুল বুখারী: ১৩৩৫; তিরমিযী: ১০২৭; দারাকুতনী: ২/৭২; হাকিম: ১/৩৮৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৫১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ত্বলহাহ্ ইবনু আবদুল্লাহ্ ইবনু আওফ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92391>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন